



সংখ্যালঘু পরিবারের বাড়িতে হামলা-ভাঙচুরের অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে জমি নিয়ে বিরোধের জেরে একটি সংখ্যালঘু পরিবারের বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে স্থানীয় ইউনিয়ন যুবদলের সভাপতি মানসুর মিয়ার বিরুদ্ধে। শনিবার (১০ অক্টোবর) দুপুরে উপজেলার ব্রাহ্মণখালী এলাকায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী রিটন চন্দ্র দাসের সঙ্গে একই এলাকার সূজন চন্দ্র দাসের দুই শতাংশ জমি নিয়ে বিরোধ চলছে। এ নিয়ে আদালতে মামলাও রয়েছে।

রিটন চন্দ্র দাসের অভিযোগ, শনিবার দুপুরে সূজনের পক্ষ নিয়ে মানসুর মিয়ার নেতৃত্বে ৫০ থেকে ৬০ জনের একটি দল বিভিন্ন অস্ত্র নিয়ে তাঁর বাড়িতে হামলা চালায়। এ সময় বাড়ির সীমানাপ্রাচীর ও ঘর ভাঙচুর করা হয়। ঘরের টিনের চাল খুলে নেওয়া এবং ভেতরের মালামাল বাইরে ফেলে পরিবারের সদস্যদের বের করে দেওয়ার অভিযোগও করেন তিনি।

৯৯৯-এ ফোন পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

তবে হামলা ও ভাঙচুরের অভিযোগ অস্বীকার করেছেন মানসুর মিয়া। তাঁর দাবি, দুই পক্ষের জমি নিয়ে বিরোধের কথা শুনে তিনি সেখানে কাগজপত্র দেখতে গিয়েছিলেন।

রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এইচএম সালাউদ্দিন জানান, জমির দখল নিয়ে দুই পক্ষের মুখোমুখি অবস্থানের খবর পেয়ে পুলিশ পাঠানো হয়। ঘটনাটি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।